

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৮৭-আইন/২০২৪/৩৯/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ১৭ এর বিধান অনুযায়ী হাই-টেক পার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ১৫ অনুসারে হাই-টেক পার্কে শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ সামগ্রী এবং উক্ত আইনের আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতি সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানিতে উহার উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণ মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি শুল্ক, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি

- (১) হাই-টেক পার্ক শিল্প প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে;
- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত বিবরণী হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যয়িত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নির্মাণ সামগ্রী যথা: এমএস রড/বার, সিমেন্ট, পি-ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না;

- (৩) হাই-টেক পার্ক উন্নয়ন এবং নির্মাণের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথাঃ- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি, খাদ্যদ্রব্য ও পানীয় এবং অনুরূপ অন্যান্য ভোগ্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

২। ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১২-  
আইন/২০১৫/৪৯/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।